

নিউ সাউথ ওয়েলস্ টিকাদান সময়সূচী

নিউ সাউথ ওয়েলস্ এর চলতি টিকাদান সময়সূচী দেখতে হলে নিউ সাউথ ওয়েলস্ হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/immunisation/Pages/schedule.aspx দেখুন।

টিকাদানের জন্য 'সেভ দ্য ডেইট'

সময়মত টিকাদান নিশ্চিত করা জরুরী যাতে করে শিশুদের শুরুতেই সুরক্ষা দেওয়া যায় এবং তাদের গুরুতর রোগ হওয়ার ঝুঁকি না থাকে। 'সেভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট' (Save the Date to Vaccinate) ফোন অ্যাপ আপনার শিশুর টিকা সময়মত দেওয়া হচ্ছে কি না তা নিশ্চিত করতে আপনাকে সাহায্য করতে পারে।



দরকারী তথ্যের জন্য 'সেভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট' ওয়েবসাইটটি দেখুন এবং আপনার শিশুর জন্য একটি ব্যক্তিগত টিকাদান সময়সূচী প্রিন্ট করা এবং ভিডিওর মত উপকরণগুলোর জন্য www.immunisation.health.nsw.gov.au/ ওয়েবসাইট দেখুন।



আমার ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড (ব্লু বুক)

ডাক্তার বা নার্স যাতে আপনার শিশুর টিকাগুলো রেকর্ড করতে পারে সেজন্য প্রতিবার সাক্ষাতের সময় আপনার শিশুর ব্লু বুক নিয়ে আসা জরুরী।

অতিরিক্ত তথ্য

নিউ সাউথ ওয়েলস্ হেলথ ওয়েবসাইট

www.health.nsw.gov.au/immunisation

অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব হেলথ ওয়েবসাইট

www.health.gov.au

দ্য ন্যাশনাল সেন্টার ফর ইম্যুনাইজেশন রিসার্চ অ্যান্ড সারভেইল্যান্স (NCIRS)

www.ncirs.edu.au/about/index.php

NCIRS হেপাটাইটিস বি তথ্যপত্র

www.ncirs.edu.au/immunisation/fact-sheets/hepatitis-B-fact-sheet.pdf

অস্ট্রেলিয়ান চাইল্ডহুড ইম্যুনাইজেশন রেজিস্টার ওয়েবসাইট

www.humanservices.gov.au/customer/services/medicare/australian-childhood-immunisation-register

হেপাটাইটিস বি এর টিকা

আপনার
নবজাতক
বাচ্চার জন্য



হেপাটাইটিস বি

হেপাটাইটিস বি ভাইরাস দীর্ঘমেয়াদী লিভার রোগ যেমন লিভার সিরোসিস ও ক্যান্সার সৃষ্টি করতে পারে। যেসব নবজাতক হেপাটাইটিস বি ভাইরাসে আক্রান্ত হয় তাদের সারা জীবনের জন্য দুরারোগ্য সংক্রমণ হওয়ার শতকরা ৯০ ভাগ সম্ভাবনা থাকে।

হেপাটাইটিস বি অত্যন্ত সংক্রামক এবং খুব সহজেই নিম্নোক্তভাবে ছড়াতে পারে:

- জন্মের সময় একজন আক্রান্ত মায়ের শরীর থেকে শিশুর শরীরে ছড়িয়ে গেলে
- সূচ এবং রেজরের মত অপরিষ্কার জিনিসে চামড়া খোঁচা খেলে
- একজন আক্রান্ত ব্যক্তির রক্ত এবং খোলা ক্ষত যেমন ছেড়া কাটার সরাসরি সংস্পর্শে আসলে
- আক্রান্ত কোনো ব্যক্তির সঙ্গে যৌন সম্পর্ক করলে

গর্ভাবস্থায় পরীক্ষা করা

গর্ভাবস্থায় নিয়মিত পরীক্ষার সময় সকল মহিলাদের হেপাটাইটিস বি এর পরীক্ষা করানো উচিত। পরীক্ষায় যদি তা ধরা পড়ে তাহলে শিশুকে সংক্রমণ এবং দুরারোগ্য লিভার রোগের ঝুঁকি থেকে রক্ষার জন্য চিকিৎসার দরকার হবে। মায়ের চিকিৎসা করানোরও পরামর্শ দেওয়া হতে পারে।

প্রতিরোধ

অস্ট্রেলিয়ায় হেপাটাইটিস বি এর টিকা ব্যবহার করা হচ্ছে ১৯৮০ এর দশক থেকে এবং টিকাদানই হলো এই রোগ প্রতিরোধের সবচেয়ে ভাল উপায়।

নবজাতক শিশুদের জন্য হেপাটাইটিস বি এর টিকা

নিম্নোক্ত কারণে সকল নবজাতক শিশুদের জন্মের সময় হেপাটাইটিস বি এর টিকা দেওয়া হয়:

- আক্রান্ত মা থেকে তার শিশুর দেহে ছড়িয়ে পড়া রোধ করতে। কখনো কখনো একজন মা জানেনই না যে তার এই রোগ আছে; এবং
- আক্রান্ত ব্যক্তি যারা একই বাড়ীতে থাকে কিংবা অন্যান্য যারা আক্রান্ত হয়ে থাকতে পারে তাদের কাছ থেকে শিশুর জীবনের প্রথম কয়েক মাসে রোগটি ছড়িয়ে পড়া রোধ করতে।

হেপাটাইটিস বি এর টিকা প্রদানের সময়সূচী

আপনার শিশুকে জন্মের সময় কিংবা তার জীবনের প্রথম সপ্তাহে হেপাটাইটিস বি এর একটি ডোজ এবং এরপর যথাক্রমে ৬ সপ্তাহ, ৪ এবং ৬ মাস বয়সের সময় আরও তিনটি ডোজ দেওয়ার পরামর্শ দেওয়া হয়।

হেপাটাইটিস বি টিকার নিরাপত্তা

ব্যাপক অভিজ্ঞতা থেকে দেখা যায় যে হেপাটাইটিস বি এর টিকা নিরাপদ এবং নবজাতক শিশুদের জন্য তা ভালই সহনীয়। এই টিকার সবচেয়ে সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলো তেমন গুরুত্বপূর্ণ নয় যার মধ্যে রয়েছে ইনজেকশনের জায়গায় লাল হয়ে যাওয়া এবং তা ফুলে যাওয়া। হেপাটাইটিস বি এর টিকা বুকুর দুধ খাওয়ানোর বাধার সৃষ্টি করে না।

হেপাটাইটিস বি আক্রান্ত মায়ের গর্ভে জন্মানো শিশুদের চিকিৎসা

যে শিশু হেপাটাইটিস বি আক্রান্ত মায়ের গর্ভে জন্ম নিয়েছে তাকে বাড়তি সুরক্ষা প্রদানের জন্য জন্মের সময় হেপাটাইটিস বি এর একটি ডোজ দেওয়ার পাশাপাশি ১২ ঘন্টার মধ্যে 'হেপাটাইটিস বি ইম্যুনোগ্লোবিউলিন' নামক একটি ঔষধ দেওয়া হয়। এছাড়াও দীর্ঘমেয়াদী সুরক্ষার জন্য হেপাটাইটিস বি টিকার পুরো কোর্স সম্পূর্ণ করা জরুরী।

হেপাটাইটিস বি আক্রান্ত মায়ের গর্ভে জন্ম নেওয়া শিশুদের অতিরিক্ত পরীক্ষা

যে শিশু হেপাটাইটিস বি আক্রান্ত মায়ের গর্ভে জন্ম নিয়েছে সে সুরক্ষিত আছে কি না তা দেখার করার জন্য হেপাটাইটিস বি টিকার কোর্স শেষ হওয়ার ৩ মাস পর তার একটি রক্ত পরীক্ষা করতে হবে। নিউ সাউথ ওয়েলস্ হেলথ থেকে আপনাকে কিংবা আপনার ডাক্তারকে রক্ত পরীক্ষার তারিখটি মনে করিয়ে দেওয়ার জন্য একটি চিঠি পাঠানো হতে পারে।

